আলমডাঙ্গায় ১০ কেজি গাঁজাসহ গ্রেপ্তার ২

আলমডাঙ্গা উপজেলার জামজামি ইউনিয়নের মধুপুর গ্রামে অভিযান চালিয়ে দশ কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে ঝিনাইদহ র্যাব ৬ এর সদস্যরা।

আজ শুক্রবার বেলা সাড়ে ১২ টার দিকে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতার দুই জন হলো-কুষ্টিয়া ইবি থানার আবদালপুর গ্রামের আকবার মন্ডলের ছেলে আরশাদ আলী মন্ডল (৬০) ও আলমডাঙ্গা উপজেলার জামজামি ইউনিয়নের মধুপুর গ্রামের সুজন আলী (৩৫)।

তারা দুজন উপজেলার বিভিন্ন স্থানে পাইকারি ও খুচরা মাদকদ্রব্য সরবরাহ করে আসছিলেন বলে জানান র্যাব কর্মকর্তারা।

মামলার এজাহার সূত্রে জানাযায়, আজ শুক্রবার বেলা ১২ টার দিকে আসামিরা গাঁজা নিয়ে মধুপুর গ্রামের ব্যবসায়ী সুজনের বাড়িতে বিক্রয়ের উদ্দেশে অবস্থান করছে। এমন খবর পেয়ে সেখানে অভিযান পরিচালনা করা হয়। র্যাবের উপস্থিত টের পেয়ে তাঁরা দৌড়ে পালানোর চেষ্টা করে। র্যাব সদস্যরা তাদের ধাওয়া করে আটক করে। পরে তাদের দেওয়া স্বীকারোক্তিতে প্লাস্টিক ব্যাগে করে আনা দশ কেজি গাঁজা উদ্ধার করা হয়। তাদের বিরুদ্ধে মাদক আইনে মামলা দিয়ে শুক্রবার সন্ধ্যায় আলমডাঙ্গা থানায় সোপর্দ করা হয়েছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ গনি মিয়া বলেন, র্যাব সদস্যরা সংশ্লিষ্ট মামলার পর থানায় হস্তান্তর করেছে। আামীকাল শনিবার সকালে আদালতের মাধ্যমে তাদের জেল হাজতে পাঠানো হবে।

ঝিনাইদহে ১০ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহে ১০ কেজি গাঁজাসহ সোহেল রানা নামের ১ মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

গতকাল সোমবার (২২ এপ্রিল) বিকেলে শহরের বাইপাস এলাকা থেকে তাকে আটক করা হয়। মাদক ব্যবসায়ী সোহেল রানা ঝিনাইদহ জেলার মাধবপুর গ্রামের আব্দুর রব মোল্লার ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন জানান, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ জানতে পারে মাদকের একটি চালান রাঙ্গামাটি থেকে ঝিনাইদহ শহরে প্রবেশ করছে। এমন সংবাদের ভিত্তিতে পুলিশ বাইপাস সড়কের ঘোষপাড়ায় চেকপোস্ট বসিয়ে সোহেল রানা নামের একজনকে আটক করে। তার কাছে থাকা একটি প্লাস্টিকের বস্তা তল্লাশী করে ২০ টি গাঁজার রোল উদ্ধার করে। উদ্ধারকৃত গাঁজার ওজন ১০ কেজি। এ ঘটনায় সদর থানায় মাদক আইনে মামলা দায়ের করা হয়েছে।